| | | |
|---|---|---|
| | আবেদনকারী বাড়িওয়ালা | New York শহরের দেওয়ানি আদালত - দেশের |
| বিপক্ষে | | সূচি নং: |
| | বিবাদী পক্ষ ভাড়াটে এবং উপ-ভাড়াটে | এর নিবন্ধন নং: |
| | | এর নাম ও ব্যাজ নম্বর: ঠিকানা: টেলিফোন: |

# 14 দিনের উচ্ছেদের সমন

উপরে উল্লেখিত ভাড়াটে (দের)এবং উপ-ভাড়াটের (দের) উদ্দেশ্যে:

আদালত উচ্ছেদের সমন জারি করেছে। আপনি যদি এই সমন জারির পরবর্তী **চৌদ্দ কর্ম দিবসের** মধ্যে স্থান ফাঁকা না করেন, তাহলে আপনাকে পরবর্তী কোনো নোটিশ না দিয়েই উচ্ছেদ করা হতে পারে বা এর **পরবর্তী অন্য যেকোনো কর্ম দিবসেও** উচ্ছেদ করা হতে পারে। “কর্ম দিবস” বলতে বৈধ ছুটির দিন ব্যতিরেকে সোমবার হতে শুক্রবার পর্যন্ত সকল কর্ম দিবসকে বোঝায়।

## কীভাবে আমি এই উচ্ছেদ আদেশ রোধ করতে পারি?

- উচ্ছেদ অভিযানের পূর্বে (1) শুধুমাত্র আদালতের স্থগিতাদেশের মাধ্যমে এই উচ্ছেদ আপনি বন্ধ করতে পারেন যা (1) সাময়িকভাবে আপনার উচ্ছেদকে স্থগিত রাখে, অথবা (2) সম্পূর্ণ বকেয়া ভাড়া জমা করে বা আদালতের মাধ্যমে পরিশোধ করে, ভাড়া না দেওয়ার জন্য সমন খারিজ করে।
- আপনি এরকম আদেশ রোধ করার জন্য আপনার বরোর দেওয়ানী আদালতের বাড়িওয়ালা-ভাড়াটে অংশে আবেদন করতে পারেন। নিচের প্রদত্ত লিঙ্কে আদালতের যোগাযোগ সম্পর্কিত তথ্য দেওয়া আছে।
- মঞ্জুর হলে একটি অস্থায়ী স্থগিতাদেশ, স্থগিতের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত বা আদালত কর্তৃক খালি না করা অবধি এই উচ্ছেদকে স্থগিত করবে।

## কীভাবে আমি উচ্ছেদ হতে পারি?

- **আপনি যদি এই সমন প্রাপ্তি সাপেক্ষে কোনো পদক্ষেপ গ্রহণ না করেন তাহলে আপনাকে পরবর্তী কোনো নোটিশ প্রদান না করেই উচ্ছেদ করা হতে পারে।**
- কোনো আদালত যদি ইতোমধ্যে আপনাকে উচ্ছেদ আদেশ প্রদান করে থাকে যে যদি আপনি অর্থ প্রদান করতে ব্যর্থ হন বা নির্ধারিত তারিখের মধ্যে আদালতের আদেশ মেনে চলতে ব্যর্থ হন, তাহলে আপনার অর্থ প্রদানে ব্যর্থতার জন্য বা সেই নির্দিষ্ট তারিখের মধ্যে আদালতের আদেশ মান্য করতে না পারার জন্য আপনাকে পরবর্তী কোনো সতর্ক বার্তা প্রেরণ না করেই উচ্ছেদ করা হতে পারে।

## কীভাবে আমি সহায়তা পেতে পারি?

- সে সকল ভাড়াটে যারা উচ্ছেদের স্বীকার হয়েছেন তাদের জন্য New York City বিনামূল্যে আইনি সেবা প্রদান করে। কীভাবে আইনি সহায়তা পাবেন সে সম্পর্কিত আরও তথ্যের জন্য 718-557-1379 নম্বরে ফোন করুন। এখানে বিনামূল্যে দোভাষী পরিষেবা প্রদান করা হয়।
- আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক চাকুরিরত কোনো ব্যক্তির আশ্রয়ে থাকেন তাহলে আপনার অধিকার রক্ষার জন্য আদালতের করণীককে অবিলম্বে অবগত করুন। করণীকের সাথে যোগাযোগের জন্য বিস্তারিত তথ্য নিচের লিঙ্কে প্রদান করা হয়েছে।
- এ ব্যাপারে সমাজ সেবা (Department of Social Services) অধিদপ্তরও আপনাকে বকেয়া পরিশোধের সুযোগ করে দিয়ে বা অন্য কোনোভাবে সহায়তা করতে পারে। এ ব্যাপারে তথ্য জানতে 718-557-1399 বা 311 এ ফোন করুন। এখানে বিনামূল্যে অনুবাদ সবো প্রদান করা হয়।

**সমন জাররি তারখি†**

**প্রথম উচ্ছেদ অভিযানের তারিখ**

**আরও তথ্যের জন্য**
nyc.gov/doi/evictions (212) 709-7900

驱逐通知 – 更多信息
Уведомление о выселении: дополнительная информация
**উচ্ছেদের সমন – আরও তথ্যের জন্য**
إشعار إخلاء – مزيد من المعلومات
انخلاء کا نوٹس – مزید معلومات

驅逐通知 – 更多資訊
Avi Konsènan Degèpisman: plis enfòmasyon
통지 – 자세한 정
Avis d’expulsion: plus d'informations
Powiadomienie o eksmisji: dodatkowe informacje

† এই সমনের তারিখ বিবাদী পক্ষকে সমন জারির দিন বা তার পরবর্তী যেকোনো তারিখের হতে পারে।